**পররাষ্ট্রমন্ত্রীর ঢাকা সফর(২৫-২৭ জুন ২০১৪)**

ভারতের পররাষ্ট্রমন্ত্রী শ্রী মতি সুষমা স্বরাজ শুভেচ্ছা সফরে ২৫-২৭ জুন ২০১৪ বাংলাদেশ যাবেন।বাংলাদেশের বিদেশমন্ত্রী সম্মানীয় মিঃ আবুল হাসান মাহমুদ আলির আমন্ত্রণেই এই সফর।

পররাষ্ট্রমন্ত্রী হিসাবে শ্রীমতি সুষমা স্বরাজের এটা প্রথম একান্ত বিদেশ সফর। নিকট বন্ধুসম প্রতিবেশি দেশ বাংলাদেশের সংগে দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রে ভারত যে গুরূত্ব দেয়,এটাই তার প্রমাণ।

এই সফরে শ্রীমতি স্বরাজ দ্বিপাক্ষিক বিষয়ে বাংলাদেশ বিদেশমন্ত্রীর সংগে বৈঠক করবেন।তিনি বাংলাদেশ রাষ্ট্রপতি মহামহিম অ্যাডভোকেট আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী সম্মানীয় শেখ হাসিনার সংগে সাক্ষাৎ করবেন।তিনি সেখানকার বুদ্ধিজীবি,বণিক সভা ও শিল্পপতি ও সাংস্কৃতিক সংগঠনের সংগে মিলিত হবেন।

এই সফরে ভারত ও বাংলাদেশের মধ্যে নিকট ও বন্ধুত্বপূর্ণ সম্পর্কে গতি সঞ্চারিত হবে।

**নয়াদিল্লি**

**২১জুন ২০১৪**